

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০১১

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)
পরিচ্ছেদঃ ২৬. 'কালালাহ' পিতৃহীন নিঃসন্তান ব্যক্তি সম্পর্কে

باب الْكَلَالَةِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا عَاصِمٌ عَنْ الشَّعْبِيِّ قَالَ سُئِلَ أَبُو بَكْرٍ عَنْ الْكَلَالَةِ فَقَالَ إِنِّي سَأَقُولُ فِيهَا بِرَأْيِي فَإِنْ كَانَ صَوَابًا فَمِنْ اللَّهِ وَإِنْ كَانَ خَطَأً فَمِنِّي وَمِنْ الشَّيْطَانِ أُرَاهُ مَا خَلَا الْوَالِدَ وَالْوَلَدَ فَلَمَّا اسْتُخْلِفَ عُمَرُ قَالَ إِنِّي لَأَسْتَحْيِي اللَّهَ أَنْ أَرُدَّ شَيْئًا قَالَهُ أَبُو بَكْرٍ

বাংলা

৩০১১. শা'বী (রহঃ) থেকে বর্ণিত, আবু বাকর রাদ্বিয়াল্লাহু আনহু কে 'কালালাহ' (পিতৃহীন নি:সন্তান ব্যক্তি)- এর সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, আমি তো আমার নিজের মতামত দিয়ে কথা বলব, যদি তা সঠিক হয়, তবে তা আল্লাহর পক্ষ হতে, আর যদি তা ভুল হয়, তবে তা আমার নিজের ও শয়তানের পক্ষ থেকে। সে হলো যার পিতাও নেই, সন্তানও নেই। এরপর যখন উমার রাদ্বিয়াল্লাহু আনহু খলিফা হলেন, তখন বললেন, আবূ বকর যা বলেছেন তা প্রত্যাখ্যান করতে আল্লাহর নিকট লজ্জা বোধ করি।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর রাবীগণ বিশ্বস্ত তবে এ সনদটি বিচ্ছিন্ন।

তাখরীজ: আব্দুর রাযযাক, আল মুসান্নাফ নং ১৯১৯১; তাবারী ৪/২৮০, ২৮৩, ২৮৪; সাঈদ ইবনু মানসূর নং ৫৯১; ইবনু আবী শাইবা ১১/৪১৫ নং ১১৬৪৬।

বাইহাকী, ফারাইয ৬/২২৪।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন